

Model Questions
B.A HONOURS 2nd SEM
Subject: BENGALI
PAPER NAME: **ভাষার ইতিহাস ও ভাষাতত্ত্ব**
Course Type: **GE-2 (Hons)**
Course Code: **BAHBNGGE201**

প্রশ্ন-মান: ১

- ক) প্রাচীন বাংলা ভাষার সর্বোৎকৃষ্ট নিদর্শনটির নাম লেখো।
- খ) অভিশ্রুতি কোন যুগের বাংলা ভাষার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য?
- গ) কাব্য > কাইব্য – এ'জাতীয় ধ্বনি-পরিবর্তন কোন উপভাষায় বিশেষভাবে লক্ষণীয়?
- ঘ) অনুনাসিক স্বরধ্বনির বহুল ব্যবহার কোন উপভাষায় দেখা যায়?
- ঙ) দুটি উল্লধ্বনির উদাহরণ দাও।
- চ) বাংলায় অযোগবাহ বর্ণ কোনগুলি?
- ছ) একটি জোড়কলম শব্দের উদাহরণ দাও।
- জ) কুৎসা > কেচ্ছা – কী জাতীয় ধ্বনিপরিবর্তন?
- ঝ) স্বতোনাসিক্যভবনের একটি উদাহরণ দাও।
- ঞ) 'রেস্তোরাঁ' শব্দটি কোন ভাষার শব্দভাণ্ডার থেকে বাংলায় গৃহীত?
- ট) কোন ভাষাবংশ থেকে বাংলাভাষার জন্ম?
- ঠ) একটি তালব্যধ্বনির উদাহরণ দাও।
- ড) 'আলকাতরা' কীজাতীয় শব্দ?

প্রশ্ন মান: ২

- ক) আধুনিক যুগের বাংলা ভাষায় লেখা যে-কোনো দুটি সাহিত্য-নিদর্শনের নাম লেখো।
- খ) বরেন্দ্রী উপভাষা কোন অঞ্চলে প্রচলিত?
- গ) অপভাষা বলতে কী বোঝ?
- ঘ) অন্ত-মধ্য বাংলা ভাষার কালসীমা উল্লেখ করো।
- ঙ) বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী?
- চ) তাড়িত ধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।
- ছ) যৌগিক স্বর কাকে বলে?
- জ) ধ্বনিক্ষয় ও ধ্বনিসৃষ্টি বলতে কী বোঝ?
- ঝ) 'হেডপণ্ডিত' কী জাতীয় ধ্বনিপরিবর্তন বুলিয়ে দাও।
- ঞ) বর্ণদ্বিত কাকে বলে?
- ট) দ্বিমাত্রিকতা বলতে কী বোঝ?
- ঠ) বর্ণ বিপর্যাস বলতে কী বোঝ? উদাহরণ দাও।
- ড) 'মন্দির' শব্দটির অর্থ-পরিবর্তন বুলিয়ে দাও।

প্রশ্ন-মান: ৫

- ক) উদাহরণসহ আদি-মধ্য বাংলার পাঁচটি গুরুত্বপূর্ণ ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

- খ) সংক্ষেপে সাধু ও চলিত ভাষার পার্থক্য বুঝিয়ে দাও।
গ) হ্রস্ব, দীর্ঘ ও প্লুত স্বর বলতে কি বোঝ?
ঘ) টীকা লেখো: লোকনিরুক্তি, বিষমচ্ছেদ।
ঙ) দৃষ্টান্তসহ বিভিন্ন প্রকার স্বরসঙ্গতির পরিচয় দাও।
চ) শব্দার্থের উৎকর্ষ ও অপকর্ষ বলতে কী বোঝায়?
ছ) সমীভবন বিষয়টি বুঝিয়ে দাও।
জ) মধ্য-বাংলার সময়সীমা নির্দেশ করে চারটি বৈশিষ্ট্য লেখো।
ঝ) শব্দার্থ পরিবর্তনের কয়েকটি কারণ উল্লেখ করো।

প্রশ্ন-মান: ১০

- ক) প্রাচীন ভারতীয় আর্য ভাষা ক্রমবিবর্তনের মধ্যে দিয়ে কীভাবে বাংলা ভাষার জন্ম দিল তার সংক্ষেপ পরিচয় দাও।
খ) রাঢ়ী উপভাষার ভাষাতাত্ত্বিক (ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক) বৈশিষ্ট্যগুলি উদাহরণযোগে আলোচনা করো।
গ) বাংলা শব্দভাণ্ডারের মৌলিক শব্দগুলির পরিচয় দাও।
ঘ) সাধু ও চলিত ভাষার পার্থক্য লেখো।
ঙ) রেখাচিত্রের সাহায্যে স্বরধ্বনির শ্রেণিবিভাগ করো।